# আল-হুমাযা | Al-Humaza | ٱلْهُمَزَة

আয়াতঃ ১০৪ : ৯

## আরবি মূল আয়াত:

فِى عَمَدٍ مُّمَدَّدَةٍ ﴿٩﴾

## অনুবাদসমূহ:

প্রলম্বিত স্তম্ভসমূহে। — আল-বায়ান

(লেলিহান অগ্নিশিখার) উঁচু উঁচু স্তম্ভে। — তাইসিরুল

দীর্ঘায়িত স্তম্ভসমূহে। — মুজিবুর রহমান

In extended columns. — Sahih International

### ৯. দীর্ঘায়িত স্তম্ভসমূহে।(১)

(১) ‘ফি আমাদিম মুমাদ্দাদাহ’ এর একাধিক অর্থ হতে পারে। যেমন এর একটি অর্থ হচ্ছে, জাহান্নামের দরজাগুলো বন্ধ করে দিয়ে তার ওপর উঁচু উঁচু থাম গেড়ে দেয়া হবে। এর দ্বিতীয় অর্থ হচ্ছে, এই অপরাধীরা উঁচু উঁচু থামের গায়ে বাধা থাকবে। এর তৃতীয় অর্থ হল এরূপ স্তম্ভসমূহ বা থাম দিয়ে জাহান্নামীদের শাস্তি প্রদান করা হবে। এ-শাস্তি সম্পর্কে বিস্তারিত কোন কথা আল্লাহ জানাননি। এ মতটি ইমাম তাবারী গ্রহণ করেছেন। [তাবারী, ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

### ৯। দীর্ঘায়িত স্তম্ভসমূহে। [1]

[1] مُؤْصَدَة অর্থ হল বন্ধ বা পরিবেষ্টিত। অর্থাৎ, জাহান্নামের সকল দরজা ও পথ বন্ধ করে দেওয়া হবে; যাতে সেখান হতে কেউ বের হতে না পারে। তাদেরকে লোহার পেরেকের সাথে বেঁধে দেওয়া হবে; যা লম্বা লম্বা স্তম্ভের মত হবে। কোন কোন উলামার মতে, عَمَد অর্থ হলঃ বেড়ি বা লৌহবেষ্টনী এবং কারো মতে এর অর্থ হল স্তম্ভ বা থাম। যাতে বেঁধে জাহান্নামীদেরকে শাস্তি দেওয়া হবে। (ফাতহুল ক্বাদীর)

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=6188

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন